



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৪৩৫.২০১৮-৮৪৭

তারিখ: ১৫ পৌষ ১৪২৭
৩০ ডিসেম্বর ২০২০

বিষয়: কুমিল্লা জেলার ০৫ (পাঁচ) টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন সংক্রান্ত।


সূত্রঃ এলজিইডি’র স্মারক নং-৪৬.০২.০০০০.৯৩৯.১৪.০০২.১৮-২৯৩; তারিখ: ২৬/১১/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কুমিল্লা জেলার ০৫ (পাঁচ) টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে মোট ১৪৫.০০ কোটি (একশত পঁয়তাল্লিশ) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৪/১১/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। নভেম্বর ২০২০ পর্যন্ত প্রকল্পটি ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ১২.২৫% এবং আর্থিক অগ্রগতি ১৩.০৬ কোটি টাকা (৯.০০%)।

২। বাস্তবায়ন পর্যায়ে স্থানীয় মাননীয় সংসদ সদস্য ও জনপ্রতিনিধিগণের চাহিদার পরিপ্রেক্ষিতে এ প্রকল্পে লাকসাম ও বরুড়া পৌরসভার অবকাঠামো উন্নয়নের কার্যক্রম অন্তর্ভুক্তি, মহামারী করোনা ভাইরাসের কারণে দেশব্যাপী লক ডাউন ঘোষণা হওয়ায় প্রকল্পের আওতায় চলমান সকল কার্যক্রমে বিঘ্নের সৃষ্টি হওয়ায় ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা ইত্যাদি কারণে প্রকল্পটির সংশোধন প্রয়োজন। এ বিষয়ে গত ০৮/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভায় প্রকল্পটি সংশোধনের সুপারিশ করা হয়েছে (সংযুক্তি-১)।

৩। এমতাবস্থায়, মোট প্রাক্কলিত ব্যয় ১৮০.০০ কোটি (একশত আশি কোটি) টাকা প্রাক্কলিত ব্যয় এবং জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৩ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত “কুমিল্লা জেলার ০৫ (পাঁচ) টি পৌরসভার অবকাঠামো উন্নয়ন” শীর্ষক প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: প্রকল্পের আরডিপিপি ১ (এক) কপি।


(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৮০১২
planning1.lgd@gmail.com

সদস্য
ভৌত অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পুনর্গঠিত আরডিপিপির একটি Soft copy প্রকল্প পরিচালক, “ডিজিটাল ডাটাবেজ সিস্টেম ও আর্কাইভ প্রতিষ্ঠার মাধ্যমে এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের সক্ষমতা বৃদ্ধিকরণ” শীর্ষক প্রকল্প, পরিকল্পনা বিভাগ বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।